Bangladesh Competition Commission

# প্রতিযোগিতা সাময়িকী

বর্ষ ৪ । সংখ্যা ১১ । জানুয়ারি-মার্চ ২০২৩ । ১৭ পৌষ ১৪২৯- ১৬ চৈত্র ১৪২৯

## প্রতিযোগিতা সাময়িকীর ১১তম সংস্করণ প্রকাশ

একবিংশ শতাব্দীর বিশ্বে উন্নয়নের রোল মডেল বাংলাদেশ। মাননীয় প্রধানমন্ত্রীর দূরদর্শী নেতৃত্বে দেশ প্রতিনিয়ত এগিয়ে যাচ্ছে। ব্যবসা বাণিজ্যও দিন দিন সম্প্রসারিত হচ্ছে। এর সাথে তাল মিলিয়ে ব্যবসা বাণিজ্যে সুষ্ঠু পরিবেশ বজায় রাখতে কাজ করে যাচ্ছে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন। প্রতিযোগিতা পরিপন্থী কম, ষড়যন্ত্রমূলক যোগসাজশ, মনোপলি ও ওলিগোপলি অবস্থা, জোটবদ্ধতা বা কর্তৃত্বময় অবস্থানের অপব্যবহার নিয়ন্ত্রণের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে সচেতন করা ও প্রতিযোগিতা আইন, ২০১২ এর যথাযথ প্রয়োগে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন উল্লেখযোগ্য ও দৃশ্যমান কার্যক্রম গ্রহণ করেছে। এ সকল কার্যক্রম কমিশনের "প্রতিযোগিতা সাময়িকীর" ১১তম (এগারোতম) প্রকাশনায় তুলে ধরা হয়েছে। এ প্রকাশনায় জানুয়ারি ২০২৩ থেকে মার্চ ২০২৩ (১৭ পৌষ ১৪২৯- ১৬ চৈত্র ১৪২৯) পর্যন্ত সময়কালের কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণ তুলে ধরার প্রয়াস নেয়া হয়েছে।

## এসডিজি বিষয়ক ইন-হাউজ প্রশিক্ষণ আয়োজন

০৩/০১/২০২৩ তারিখ বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সভাকক্ষে কর্মকর্তা ও কর্মচারীগণের সমন্বয়ে এক ইন-হাউজ প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে কমিশনের চেয়ারপার্সন রিসোর্স পার্সন হিসেবে বক্তব্য উপস্থাপন করেন। এসডিজির পূর্ণরূপ, এসডিজির ফাইভ পি, এসডিজি'র ম্যাপিং ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণার্থীবৃন্দকে হাতে কলমে শিখিয়ে দেয়া হয়। প্রসঙ্গক্রমে প্রশিক্ষণ ক্লাসে অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনার যে সকল অংশে বাণিজ্য মন্ত্রণালয়ের সংশ্লিষ্টতা রয়েছে সে সকল অংশ ভালোভাবে পাঠ করার জন্য প্রশিক্ষণার্থীদের দৃষ্টি আকর্ষণ করা হয়। ইন-হাউজ প্রশিক্ষণটিতে মোট ৩১ জন কর্মকর্তা ও কর্মচারী উপস্থিত ছিলেন।



এসডিজি বিষয়ক ইন-হাউজ প্রশিক্ষণে বক্তব্য রাখছেন চেয়ারপার্সন প্রদীপ রঞ্জন চক্রবর্তী

## বাজার সমীক্ষা কার্যক্রম সংক্রান্ত প্রশিক্ষণ কোর্স আয়োজন

গত ০২/০১/২০২৩ তারিখে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সভাকক্ষে বাজার সমীক্ষা কার্যক্রমের ওপর ইন-হাউজ প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণ কোর্সে কমিশনের চেয়ারপার্সন এবং সদস্যবৃন্দ রিসোর্স পার্সন হিসেবে উপস্থিত থেকে বক্তব্য প্রদান করেন। উক্ত ইন-হাউজ প্রশিক্ষণে ২৩ জন কর্মকর্তা-কর্মচারী উপস্থিত ছিলেন। প্রশিক্ষণে বাজার সমীক্ষার কৌশল পদ্ধতি, ডাটা সংগ্রহ, ডাটা বিশ্লেষণ ইত্যাদি বিষয়ের ওপর বক্তব্য প্রদান করা হয়। প্রশিক্ষণে জানানো হয় যে, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো থেকে ইতিমধ্যে বাজার সমীক্ষা সংশ্লিষ্ট তথ্য-উপাত্ত সংগ্রহ করা হয়েছে। এছাড়া প্রশিক্ষণে বাংলাদেশ রাইস রিসার্স ইনস্টিটিউট (ব্রি) কর্তৃক ধান চাউল বিষয়ের ওপর সম্পন্নকৃত গবেষণা প্রতিবেদনের সারাংশ উপস্থাপন করা হয়।



বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সভাকক্ষে বাজার সমীক্ষা কার্যক্রমের ওপর
ইন-হাউজ প্রশিক্ষণে বক্তব্য রাখছেন চেয়ারপার্সন প্রদীপ রঞ্জন চক্রবর্তী

## বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনে উত্তম চর্চা বিষয়ে উদ্বুদ্ধকরণ

উত্তম চর্চা অনুশীলনের অংশ হিসেবে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের কর্মকর্তা/কর্মচারীগণকে সরকারি ব্যয় হ্রাস করার বিষয়ে প্রতিনিয়ত উদ্বুদ্ধ করা হচ্ছে। এর আওতায় উল্লেখযোগ্য আগ্রগতি হয়েছে বিদ্যুৎ সাশ্রয়ের ক্ষেত্রে। সেপ্টেম্বর ২০২২ (বিলের পরিমাণ ২৯,৩২৬ টাকা), অক্টোবর ২০২২ (বিলের পরিমাণ ২১,৩৪৯ টাকা) এবং নভেম্বর ২০২২ (বিলের পরিমাণ ১৬,৫৪৫ টাকা) মাসের বিদ্যুৎ বিল থেকে এ বিষয়ে ধারণা পাওয়া যায়। কর্মকর্তা/কর্মচারীগণ দিনের বেলায় প্রাকৃতিক আলো ব্যবহার করার ক্ষেত্রে মনযোগী হয়েছেন, দিনের বেলায় যতদূর সম্ভব লাইট অফ করে রাখেন এবং অফিস কক্ষে না থাকলে সেই কক্ষের লাইট/ফ্যান ইত্যাদি অফ করে রাখা হয়। প্রতিদিন অফিস ত্যাগের প্রাক্কালে প্রতিটি কক্ষের বিদ্যুৎ ও পানির লাইন চেক করা হয়। সপ্তাহের শেষ কর্মদিবসে এ বিষয়ের ওপর বেশি গুরুত্ব দেয়া হয়। সরকারি নির্দেশনার আলোকে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনকে মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের তালিকাভুক্ত করা হয়েছে এবং বার্ষিক কর্মসম্পাদন পদ্ধতিতে অন্তর্ভুক্ত করা হয়েছে। এছাড়াও বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনকে ইজিপির আওতায় নিবন্ধন করা হয়েছে। অগ্নি দুর্ঘটনা প্রতিরোধকল্পে সচেতনতা বৃদ্ধির জন্য কমিশনের কর্মকর্তা/কর্মচারীগণকে হাতে কলমে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। দেশের ক্রমবর্ধমান অর্থনৈতিক উন্নয়নের ধারাবাহিকতায় ২০১২ সালে প্রণীত প্রতিযোগিতা আইন, ২০১২ এবং এর আওতায় গঠিত বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের কার্যাবলির বিষয়ে জনসচেতনতা তৈরির লক্ষ্যে দেশের সকল জেলা প্রশাসক, বিভাগীয় কমিশনার, প্রশিক্ষণ প্রতিষ্ঠানের প্রধান এবং সচিব/সিনিয়র সচিব বরাবর আধাসরকারি পত্র প্রেরণ করা হয়েছে ।

## দেশীয় এয়ারলাইন্সের বিকাশে বাধাজনিত বিষয়ে শুনানী গ্রহণ

গত ০৭/১২/২০২২ তারিখে "দেশীয় এয়ারলাইন্সের বিকাশে বাধা সরকারি নীতি, জ্বালানির দাম" শিরোনামে জাতীয় একটি দৈনিক পত্রিকায় প্রকাশিত খবরের বিষয়ে ১১/১২/২০২২ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সভায় আলোচনা হয় এবং এ বিষয়ে সংশ্লিষ্ট পক্ষগণের উপস্থিতিতে শুনানী আয়োজনের সিদ্ধান্ত গৃহিত হয়। উক্ত সিদ্ধান্তের আলোকে ০৮/০১/২০২৩ তারিখ শুনানীর জন্য তারিখ ধার্য করে ২১/১২/২০২২ তারিখে সংশ্লিষ্ট সকল পক্ষ বরাবর নোটিশ প্রেরণ করা হয়। নির্ধারিত তারিখ ও সময়ে অদ্য ০৮/০১/২০২৩

তারিখে কমিশনের সভাকক্ষে কমিশনের চেয়ারপার্সনের উপস্থিতিতে শুনানী অনুষ্ঠিত হয়। শুনানীতে কমিশনের সকল সদস্য, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন, পদ্মা ওয়েল কোম্পানী এবং কমিশনের সংশ্লিষ্ট উইংয়ের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। শুনানীতে নভোএয়ারের ব্যবস্থাপনা পরিচালক এবং এওএবি'র সেক্রেটারি জেনারেল জনাব মফিজুর রহমান একটি লিখিত বক্তব্য পাঠ করে শোনান। এ বিষয়ে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের প্রতিনিধি জানান, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স ভর্তুকির মাধ্যমে পরিচালিত এ তথ্য সঠিক নয়। উক্ত লিখিত বক্তব্যের দাবী এবং যুক্তি খণ্ডন করে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের বক্তব্য পরবর্তীতে প্রেরণ করা হবে বলে তিনি জানান। এওএবি'র সেক্রেটারি জেনারেল জানান, গ্লোবাল মার্কেটের তুলনায় বিপিসি অনেক চড়া মূল্যে জেট ফুয়েলের দাম নির্ধারণ করে থাকে। এ প্রসঙ্গে বিপিসি'র প্রতিনিধি জানান যে, গ্লোবাল মার্কেটের কাছাকাছি মূল্যেও জেট ফুয়েল সরবরাহ করা হয়ে থাকে। এ বিষয়ের পরিসংখ্যান সরবরাহ করার জন্য কমিশনের পক্ষ হতে বিপিসি'কে অনুরোধ জানানো হয়। বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের প্রতিনিধি আরো জানান যে, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স আন্তর্জাতিক রুটের কানেকটিভিটি রক্ষার্থে অভ্যন্তরীণ কিছু রুটে ফ্লাইট পরিচালনা করে। বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এবং বিপিসি বিমান বাংলাদেশ এয়ারলাইন্সকে যে সকল সুবিধা দিয়ে থাকে সেগুলো বেসরকারি এয়ারলাইন্সগুলোও পেয়ে থাকে। বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের প্রতিনিধিবৃন্দ জানান যে, অভ্যন্তরীণ রুটে যাত্রী পরিবহনে বেসরকারি এয়ারলাইন্সগুলো গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। এ প্রেক্ষাপটে বিভিন্ন ট্যাক্স-ভ্যাট এর বিষয়াবলি আরো সহজিকরণ করার জন্য তারা সুপারিশ করেন।



দেশীয় এয়ারলাইন্সের বিকাশে বাধাজনিত বিষয়ে শুনানী গ্রহণকালে বক্তব্য রাখছেন চেয়ারপার্সন প্রদীপ রঞ্জন চক্রবর্তী

## কাগজ সংকট এবং কাগজের অস্বাভাবিক মূল্য বৃদ্ধির বিষয়ে প্রতিযোগিতা কমিশনে মতবিনিময় সভা আয়োজন

কাগজ সংকট এবং কাগজের অস্বাভাবিক মূল্য বৃদ্ধির বিষয়ে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন কর্তৃক পর পর ২ দিন মতবিনিময় সভা আয়োজন করা হয়। প্রথম সভা অনুষ্ঠিত হয় ২৬/১২/২০২২ তারিখে। দ্বিতীয় সভা আয়োজন করা হয় ০৯/০১/২০২৩ তারিখে। কমিশনের চেয়ারপার্সন জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী উভয় সভাতে সভাপতিত্ব করেন। কমিশনের সকল সদস্য এবং সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তাগণ সভাতে উপস্থিত ছিলেন। প্রথম সভায় আগামী প্রকাশনী, অনুপম প্রকাশনী, অন্য প্রকাশ, পুঁথি নিলয় নামীয় প্রতিষ্ঠান এবং জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন। প্রথম সভার ধারাবাহিকতায় আয়োজিত ০৯/০১/২০২৩ তারিখের দ্বিতীয় মতবিনিময় সভায় কমিশনের সকল সদস্য শিক্ষা মন্ত্রণালয়ের প্রতিনিধি, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের প্রতিনিধি, বেইজ পেপার লিমিটেড, পেপারটেক পাল্প এন্ড পেপার, মল্লিক পেপার মিলস, ক্রিয়েটিভ পেপার মিলস লিঃ, বাংলাদেশ পেইন্ট ম্যানুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশন (বিপিএমএ), আম্বার পেপার মিলস লিঃ, বাংলাদেশ মুদ্রণ সমিতি, বাংলাদেশ পুস্তক প্রকাশনা ও বিক্রেতা সমিতি, রশিদ পেপার মিলস লিঃ, মেঘনা পাল্প এন্ড পেপার, লিপি গ্রুপ, কর্ণফুলি পেপার মিলস, আগামী প্রকাশনী এবং বাংলাদেশ পুলিশের স্পেশাল ব্রাঞ্চের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। পেপার মিলসমূহের প্রতিনিধিবৃন্দ পাল্পের অভাব ও মূল্য বৃদ্ধি, জ্বালানি মূল্য বৃদ্ধি, আনুষঙ্গিক রাসায়নিক দ্রব্যাদির মূল্য বৃদ্ধি, এলসি খোলার ক্ষেত্রে সমস্যা, ডলারের বিনিময় মূল্যের ফ্ল্যাকচুয়েশন ইত্যাদি বিষয়সমূহ কাগজের দাম বাড়ার কারণ হিসেবে উল্লেখ করেন।



কাগজ সংকট এবং কাগজের অস্বাভাবিক মূল্য বৃদ্ধির বিষয়ে প্রতিযোগিতা কমিশনে আয়োজিত মতবিনিময় সভায় বক্তব্য রাখছেন চেয়ারপার্সন প্রদীপ রঞ্জন চক্রবর্তী

## ৪র্থ শিল্প বিপ্লব বিষয়ে প্রতিযোগিতা কমিশনে প্রশিক্ষণ সেমিনার আয়োজন

৪র্থ শিল্প বিপ্লব বিষয়ে ১০/০১/২০২৩ তারিখে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনে অর্ধ দিনব্যাপী এক প্রশিক্ষণ সেমিনার আয়োজন করা হয়। কমিশনের সভাকক্ষে আয়োজিত এ প্রশিক্ষণ সেমিনারে প্রধান অতিথি হিসেবে কমিশনের চেয়ারপার্সন জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী উপস্থিত ছিলেন। এছাড়া প্রতিযোগিতা কমিশনের সদস্যবৃন্দ এবং অন্যান্য কর্মকর্তা/কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। প্রশিক্ষণ সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ড. মোঃ আব্দুল মান্নান, পিএএ, টিম লিডার, গভর্নমেন্ট এমপ্লোয়িস ম্যানেজমেন্ট সিস্টেম (জিইএমএস), জনপ্রশাসন মন্ত্রণালয়। প্রশিক্ষণের শুরুতে চেয়ারপার্সন মহোদয় সংশ্লিষ্ট সকলকে স্বাগত বক্তব্য জানিয়ে বলেন, ৪র্থ শিল্প বিপ্লব হচ্ছে আধুনিক ও স্মার্ট প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে উৎপাদন ব্যবস্থা এবং শিল্প ব্যবস্থাকে স্বয়ংক্রিয়করণ যা একটি চলমান প্রক্রিয়া। ৪র্থ শিল্প বিপ্লবের কৃত্রিম বুদ্ধিমত্তা, ইন্টারনেট অব থিংস ইত্যাদি বিষয়ে প্রবন্ধকার বিস্তারিত তথ্য / উপাত্ত সেমিনারে তুলে ধরেন।



৪র্থ শিল্প বিপ্লব বিষয়ে প্রতিযোগিতা কমিশনে আয়োজিত প্রশিক্ষণ সেমিনারে বক্তব্য রাখছেন চেয়ারপার্সন প্রদীপ রঞ্জন চক্রবর্তী এবং রিসোর্স পার্সন ড. মোঃ আব্দুল মান্নান

## সরকারি ক্রয় উপলক্ষ্যে পিপিএ, ২০০৬ এবং পিপিআর, ২০০৮ বিষয়ের ওপর প্রতিযোগিতা কমিশনে ইন-হাউজ প্রশিক্ষণ আয়োজন

বিগত ১৫/০১/২০২৩ তারিখে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সভাকক্ষে পাবলিক প্রকিউরমেন্ট রুলস বিষয়ে অর্ধ দিবসব্যাপী ইন-হাউজ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী, সকল সদস্য এবং সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। জনাব মোঃ আজিজ তাহের খান, সদস্য (অর্থ), বেসরকারি বিমান চলাচল কর্তৃপক্ষ রিসোর্স পার্সন হিসেবে পাবলিক প্রকিউরমেন্ট এ্যাক্ট, ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর ওপর বিশদ বক্তব্য উপস্থাপন করেন। প্রকিউরমেন্ট প্ল্যান, টেন্ডার ডকুমেন্ট প্রিপারেশন, বিজ্ঞপ্তি প্রকাশ, দর প্রাক্কলন কমিটি, টেন্ডার ওপেনিং কমিটি, টেন্ডার ইভাল্যুয়েশন কমিটি, টেন্ডার ইভাল্যুয়েশন সাব কমিটি, সরকারি ক্রয়ের প্রকারভেদ, সরকারি ক্রয়ের বিভিন্ন পদ্ধতি, পারফরম্যান্স সিকিউরিটি, নোটিফিকেশন অব এ্যাওয়ার্ড ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণার্থীদেরকে আইন ও বিধির আলোকে প্রশিক্ষণ প্রদান করা হয়।



সরকারি ক্রয় উপলক্ষ্যে পিপিএ, ২০০৬ এবং পিপিআর, ২০০৮ বিষয়ের ওপর
প্রতিযোগিতা কমিশনে আয়োজিত ইন-হাউজ প্রশিক্ষণে বক্তব্য রাখছেন চেয়ারপার্সন প্রদীপ রঞ্জন চক্রবর্তী

## মালয়েশিয়াতে জনবল (বাংলাদেশী কর্মী) প্রেরণের ক্ষেত্রে বাধাদান বিষয়ে শুনানি গ্রহণ

মালয়েশিয়াতে জনবল প্রেরণের ক্ষেত্রে বাধা সৃষ্টি করা হচ্ছে মর্মে ডিগনিটি ইন্টারন্যাশনাল এজেন্সির প্রোপ্রাইটর জনাব মোঃ কামরুজ্জামান চৌধুরী ১৩/১১/২০২২ তারিখে অত্র কমিশনে অভিযোগ দায়ের করেন। গ্রিনল্যান্ড ওভারসিজ নামক প্রতিষ্ঠানের বিরুদ্ধে অভিযোগটি দায়ের করা হয়।

উক্ত বিষয়ে গত ২৯/১১/২০২২ তারিখে অনুষ্ঠিত ১২/২০২২ নং কমিশন সভায় আলোচনা হয় এবং আলোচ্য অভিযোগের সংশ্লিষ্ট পক্ষগণের শুনানি গ্রহণের সিদ্ধান্ত হয়। উক্ত সিদ্ধান্তের আলোকে শুনানির জন্য ১৩/১২/২০২২ তারিখ নির্ধারণ করে উভয় পক্ষকে গত ০৮-১২-২০২২ তারিখে নোটিশ প্রেরণ করা হয়। ধার্য তারিখে উভয় পক্ষ হাজিরা দাখিল করে। অভিযোগ দায়েরকারীর শুনানি গ্রহণ করা হয়। বিবাদী পক্ষ সময়ের আবেদন করলে তা মঞ্জুর করা হয় এবং ১৫/০১/২০২৩ তারিখ শুনানির জন্য পুন:ধার্য করা হয়। ১৫/০১/২০২৩ তারিখের শুনানিতে গ্যালাক্সি কর্পোরেশন ব্যতীত মূল অভিযোগকারী প্রতিষ্ঠান ডিগনিটি ইন্টারন্যাশনাল এবং প্রতিপক্ষ গ্রিনল্যান্ড ওভারসিজ ও মৃধা ইন্টারন্যাশনাল কর্পোরেশন উপযুক্ত প্রতিনিধির মাধ্যমে শুনানিতে অংশগ্রহণ করেন। শুনানিতে কমিশনের চেয়ারপার্সন, সদস্যবৃন্দ এবং অন্যান্য কর্মকর্তা/কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

মূল অভিযোগে উল্লেখ করা হয়েছে যে, মালয়েশিয়ার কোম্পানি BNC Metal Stamping Company (30 People) এবং বাংলাদেশী কর্মী প্রেরণের জন্য বাংলাদেশের প্রতিনিধি নিযুক্ত হয় Dignity International Agency। উক্ত ২ কোম্পানির চাহিদা মোতাবেক Dignity International ৪৫ জন বাংলাদেশী কর্মীর মেডিক্যাল ও ট্রেনিং সম্পন্ন করে এবং ভিসার জন্য BMET তে জমা দেয়। মালয়েশিয়া ও বাংলাদেশ সরকার কর্মী প্রেরণের জন্য ১০০টি লাইসেন্সকে অনুমতি দেয়। সেখানে বাংলাদেশ সরকারের অনুমোদিত লাইসেন্স আছে ২৩০০টি। মালয়েশিয়া সরকার ওয়েবসাইট সার্ভার তৈরি করে FWCMS নামে। অবশিষ্ট লাইসেন্স যারা এই সিন্ডিকেটে নাই তাদেরকে উক্ত ১০০ লাইসেন্সের মাধ্যমে কর্মী পাঠাতে হয়। BNC Metal Stamping Company এর ৩০ জন কর্মী প্রেরণের কাজ FWCMS'র মাধ্যমে বাংলাদেশের সিন্ডিকেট তালিকার ১ জন Galaxy Corporation এর কাছে আসে এবং Dignity International Agency বাংলাদেশের প্রতিনিধি Demand Letter/ Authorization Letter/ Power of Attorney জমা দেয়। SQT treatment services SDN কোম্পানির ১৫ জন কর্মী প্রেরণের কাজ FWCMS এর মাধ্যমে বাংলাদেশের সিন্ডিকেটের তালিকার মৃধা ইন্টারন্যাশনাল-এ আসে এবং মৃধা ইন্টারন্যাশনাল এর প্রতিনিধি Demand Letter/ Authorization Letter/ Power of Attorney জমা দেয়। Dignity International $D^3$ Authorization Letter মোতাবেক অক্টোবর মাসে সকল কাজ সম্পন্ন করে। কিন্তু ১৪/১১/২০২২ তারিখে মালয়েশিয়ার উক্ত দুই কোম্পানি BNC Ges SQT কোম্পানি কোন কিছু না জানিয়ে Dignity International এর অনুমোদন বাতিল করে এবং নতুন করে Greenland Overseas- কে কাজটি দেয়। অনুমোদন বাতিল করা সংক্রান্ত আদেশের কপি Galaxy Corporation এবং মৃধা ইন্টারন্যাশনাল-কেও দেয়া হয়।

শুনানিতে ডিগনিটি ইন্টারন্যাশনাল এজেন্সি SQT এবং BNC নামক মালয়েশিয়ান কোম্পানি কর্তৃক তাদের নামে অফারকৃত ডিমান্ড লেটারের কপি এবং BNC কর্তৃক পরবর্তীতে ১৪/১১/২০২২ তারিখে ইস্যুকৃত ক্যানসেলেশন লেটার এর কপি দাখিল করে। SQT এবং BNC কোন প্রক্রিয়ায় সরাসরি ডিগনিটিকে ডিমান্ড লেটার ইস্যু করা হয়েছে কমিশন কর্তৃক তা জানতে চাওয়া হয়। এ প্রসঙ্গে ডিগনিটি

ইন্টারন্যাশনাল জানায়, তাদের ডিমান্ড লেটার বাতিল করে গ্রিনল্যান্ড ওভারসিজ-কে ডিমান্ড লেটার দেয়ার ক্ষেত্রে তাদের এনওসি নেওয়া সমীচীন ছিল। এটা করা হলে সুষ্ঠু প্রতিযোগিতা তৈরির উপযুক্ত ক্ষেত্র প্রস্তুত হতো। অভিযোগকারী আরো জানান যে, তারা উক্ত বিষয়ে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরেও আবেদন করেছেন। উক্ত আবেদনের কপি দাখিল এবং আবেদনের বিষয়ে সংশ্লিষ্ট দপ্তর কর্তৃক গৃহীত পদক্ষেপের অগ্রগতি জানানোর জন্য কমিশনের পক্ষ হতে অভিযোগকারীকে নির্দেশনা প্রদান করা হয়।

## তদন্ত ও অনুসন্ধান এবং সমীক্ষা কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনার লক্ষ্যে সভা আয়োজন

প্রতিযোগিতা আইন, ২০১২ এর আলোকে বিভিন্ন বিষয়ে কমিশন কর্তৃক তদন্ত ও অনুসন্ধান কার্যক্রম পরিচালনা করা হয়। এছাড়া, গত অর্থবছরের ন্যায় চলতি ২০২২-২০২৩ অর্থবছরেও বাজার সমীক্ষার কার্যক্রম গ্রহণ করা হয়েছে এবং ০৬ টি গ্রুপ গঠন করে দেওয়া হয়েছে। তদন্ত ও অনুসন্ধান এবং বাজার সমীক্ষা কাজের অগ্রগতি পর্যালোচনার জন্য ১৮/০১/২০২৩ তারিখ বিকাল ৩:৩০ মিনিটে কমিশনের সভাকক্ষে চেয়ারপার্সনের সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় কমিশনের সকল সদস্য এবং কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। সভায় তদন্ত ও অনুসন্ধান কাজ উপলক্ষে যাদের নিকট তথ্য চাওয়া হয়েছে তাদের তালিকা প্রকাশ করা হয়। পেন্ডিং তদন্ত/ অনুসন্ধান কাজগুলো দ্রুত সম্পন্ন করার জন্য সকলকে অনুরোধ জানানো হয়।



তদন্ত ও অনুসন্ধান এবং সমীক্ষা কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনার লক্ষ্যে আয়োজিত সভায় বক্তব্য রাখছেন চেয়ারপার্সন প্রদীপ রঞ্জন চক্রবর্তী

## সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ বিষয়ে প্রতিযোগিতা কমিশনে ইন-হাউজ প্রশিক্ষণ আয়োজন

৩১/০১/২০২৩ তারিখ রোজ মঙ্গলবার বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সভাকক্ষে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর ওপর অর্ধ দিবসব্যাপী এক ইন-হাউজ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে প্রতিযোগিতা কমিশনের সচিব (উপসচিব) জনাব মোঃ আবু মাসুদ এবং সকল পর্যায়ের আউটসোর্সিং কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। প্রশিক্ষণে জনাব মোঃ আবু মাসুদ প্রশিক্ষক হিসেবে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর ওপর বিশদ বক্তব্য উপস্থাপন করেন। সরকারি চাকুরিতে বিদ্যমান আইন-কানুন, নিয়ম-শৃঙ্খলা, দায়িত্ব ও কর্তব্য, ছুটি সংক্রান্ত বিধি, সুন্দর ব্যবহার ও আচার-আচরণসহ বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণার্থীদেরকে প্রশিক্ষণ প্রদান করা হয়।



সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ বিষয়ে প্রতিযোগিতা কমিশনে আয়োজিত ইন-হাউজ প্রশিক্ষণে বক্তব্য রাখছেন সচিব (উপসচিব) জনাব মোঃ আবু মাসুদ

## রাজশাহী চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির নেতৃবৃন্দের সাথে বাজার সম্পর্কিত মতবিনিময় সভা আয়োজন

প্রতিযোগিতা আইন, ২০১২ বিষয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে এবং রাজশাহী চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির নেতৃবৃন্দের সাথে বাজার সম্পর্কিত বিষয়ে গত ০৫/০২/২০২৩ তারিখ রাজশাহী চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি কার্যালয়ে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। রাজশাহী চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির সভাপতি জনাব মাসুদুর রহমান রিংকু এর সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সভায় বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সদস্য জনাব সালমা আখতার জাহান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে মূল প্রবন্ধ উপস্থাপন করেন। উক্ত সভায় রাজশাহী চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির নেতৃবৃন্দ এবং বিভিন্ন ব্যবসার উদ্যোক্তাগণ উপস্থিত ছিলেন। মতবিনিময় সভায় প্রতিযোগিতা আইন, ২০১২ এর বিভিন্ন ধারা এবং বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের কার্যক্রম সম্পর্কে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হয়। এছাড়াও প্রধান অতিথি রাজশাহী সাহেব বাজার ও বিনোদপুর বাজার পরিদর্শন করেন। পরিদর্শনকালে তিনি বাজারের পাইকারী ও খুচরা পর্যায়ে পণ্যের মূল্য, সরবরাহ, বাজারের পরিবেশ প্রতিযোগিতাপূর্ণ রয়েছে কিনা তা লক্ষ্য করেন। এ সময় বাজার কমিটির সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।




রাজশাহী চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির নেতৃবৃন্দের সাথে বাজার সম্পর্কিত মতবিনিময় সভায় বক্তব্য রাখছেন সদস্য জনাব সালমা আখতার জাহান

## প্রতিযোগিতা আইন, ২০১২ বিষয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোনা-তে মতবিনিময় সভা আয়োজন

প্রতিযোগিতা আইন, ২০১২ বিষয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে গত ০৯/০২/২০২৩ তারিখ বেলা ৩.০০ মিনিটে নেত্রকোনা জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। নেত্রকোনা জেলার জেলা প্রশাসক জনাব অঞ্জনা খান মজলিশ এর সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সভায় বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে মূল প্রবন্ধ উপস্থাপন করেন। উক্ত সভায় নেত্রকোনা জেলা প্রশাসনের অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, উপপরিচালক স্থানীয় সরকার এবং অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। মতবিনিময় সভায় প্রতিযোগিতা আইন, ২০১২ এর বিভিন্ন ধারা এবং বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের কার্যক্রম সম্পর্কে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হয়।




প্রতিযোগিতা আইন, ২০১২ বিষয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে নেত্রকোনা জেলা প্রশাসকের কার্যালয়ে আয়োজিত মতবিনিময় সভায় বক্তব্য রাখছেন চেয়ারপার্সন প্রদীপ রঞ্জন চক্রবর্তী

## প্রতিযোগিতা কমিশনের ০৩ জন কর্মকর্তার ০১ (এক) দিনব্যাপী e-GP Organization Admin প্রশিক্ষণে অংশগ্রহণ

০৮/০২/২০২৩ তারিখে বাস্তবায়ন, মূল্যায়ন ও পরিবীক্ষণ বিভাগ (আইএমইডি) এর আওতাধীন সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ) e-GP Organization Admin বিষয়ে ০১ (এক) দিনব্যাপী প্রশিক্ষণ আয়োজন করে। প্রশিক্ষণে কমিশনের সহকারী পরিচালক জনাব নাঈমুর রহমান, হিসাবরক্ষণ কর্মকর্তা জনাব মোঃ তৌহিদুল ইসলাম এবং সহকারী প্রোগ্রামার মোঃ আরিফুর রহমান অংশগ্রহণ করেন। প্রশিক্ষণের রিসোর্স পার্সন প্রশিক্ষণার্থীদের e-GP system এর আওতায় নিবন্ধনকৃত প্রতিষ্ঠানসমূহের জন্য বিভিন্ন পর্যায়ের ইউজার আইডি তৈরি পদ্ধতি ও e-GP System এর মাধ্যমে Procurement পদ্ধতি সম্পর্কে ব্যবহারিক প্রশিক্ষণ প্রদান করেন। প্রতিযোগিতা কমিশনের ০৩ জন কর্মকর্তা সফলভাবে প্রশিক্ষণ শেষে সনদপত্র গ্রহণ করেন।

## বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনে 'তদন্ত ও অনুসন্ধান' বিষয়ক অভ্যন্তরীণ প্রশিক্ষণ

১৯/০২/২০২৩ ও ২০/০২/২০২৩ তারিখ রোজ রবিবার ও সোমবার বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সভাকক্ষে 'তদন্ত ও অনুসন্ধান' বিষয়ের ওপর ইন-হাউজ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে প্রতিযোগিতা কমিশনের সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। প্রশিক্ষণে জনাব নাসরিন বেগম, সদস্য (আইন ও বাস্তবায়ন বিভাগ), বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন, জনাব মোঃ আক্তার হোসেন, মহাপরিচালক (প্রতিরোধ), দুর্নীতি দমন কমিশন ও জনাব আব্দুল্লাহ-আল-জাহিদ, পরিচালক (গোয়েন্দা ইউনিট), দুর্নীতি দমন কমিশন রিসোর্স পার্সন হিসেবে 'তদন্ত ও অনুসন্ধান' বিষয়ের ওপর বিশদ বক্তব্য উপস্থাপন করেন। প্রতিযোগিতা আইন, ২০১২ (প্রযোজ্য অংশ) ও এতদ্সংক্রান্ত অন্যান্য প্রয়োজনীয় বিধিবিধান, অনুসন্ধান কার্যক্রম সংক্রান্ত অভিযোগের বিষয়বস্তু পর্যালোচনা, চেকলিস্ট, তথ্য সংগ্রহ/অধিযাচন, জবানবন্দি গ্রহণ, ঘটনাস্থল পরিদর্শন, বিশারদ/এক্সপার্ট মতামত গ্রহণ, অনুসন্ধান প্রতিবেদন তৈরি ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণার্থীদেরকে আইন ও বিধির আলোকে প্রশিক্ষণ প্রদান করা হয়। উক্ত ইন-হাউজ প্রশিক্ষণের মাধ্যমে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের কর্মকর্তা/কর্মচারীবৃন্দ উপকৃত হবে বলে রিসোর্স পার্সনবৃন্দ মনে করেন।



বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনে 'তদন্ত ও অনুসন্ধান' বিষয়ক অভ্যন্তরীণ প্রশিক্ষণে বক্তব্য রাখছেন
রিসোর্স পার্সন জনাব মোঃ আক্তার হোসেন, মহাপরিচালক (প্রতিরোধ), দুর্নীতি দমন কমিশন

## UNCTAD এবং বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের মধ্যে ভার্চুয়াল সভা অনুষ্ঠান

UNCTAD এবং বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের মধ্যে ২৭/০২/২০২৩ তারিখ বাংলাদেশ সময় বেলা ২:০০ টায় এক ভার্চুয়াল সভা অনুষ্ঠিত হয়। UNCTAD এর পক্ষে উক্ত সভায় Elizabeth Gachuiri, Economic Affairs Officer এবং Mr. Skyoon Sung Kim উপস্থিত ছিলেন। অন্যদিকে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের পক্ষ থেকে কমিশনের চেয়ারপার্সন জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী, সদস্য এবং অন্যান্য কর্মকর্তাগণ উক্ত সভায় যুক্ত ছিলেন। চেয়ারপার্সন UNCTAD এর প্রতিনিধিবৃন্দকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে বলেন, গতবছর জেনেভাতে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের পক্ষ থেকে ৩১ দফা সুপারিশ সম্বলিত Voluntary Peer Review Report পেশ করা হয়। উক্ত সুপারিশসমূহ বাস্তবায়নের লক্ষ্যে Voluntary Peer Review Report সম্পর্কে সচেতনতা বাড়ানো দরকার বলে মতামত ব্যক্ত করা হয়। গত ১৩/০২/২০২৩ তারিখে UNCTAD এর সাথে অনুষ্ঠিত ভার্চুয়াল বৈঠকেও এ বিষয়ে আলোচনা হয়। উক্ত আলোচনার ভিত্তিতে ইতোমধ্যে এ সংক্রান্ত বিষয়ে কমনওয়েলথ সেক্রেটারিয়েট এর কারিগরি সহায়তা চেয়ে ১৬/০২/২০২৩ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে, এ বিষয়ে লন্ডনস্থ বাংলাদেশ দূতাবাসের সাথে যোগাযোগ করার জন্য UNCTAD'র পক্ষ থেকে অনুরোধ জানানো হয়। UNCTAD এর পক্ষ থেকে আরো জানানো হয় যে, তাঁরা বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের জন্য অনলাইনে ট্রেনিং সেশন আয়োজন করতে প্রস্তুত আছে এবং অন্যান্য দেশের প্রতিযোগিতা কমিশনের সাথে যোগাযোগ স্থাপনের ক্ষেত্রেও UNCTAD সহায়তা প্রদান করতে পারে। উক্ত বিষয়ে হোমওয়ার্ক করে UNCTAD কে শীঘ্রই অবহিত করা হবে বলে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন জানান।




UNCTAD এবং বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের মধ্যে ভার্চুয়াল সভা আয়োজন

## বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন এর জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর কর্তৃক আয়োজিত মতবিনিময় সভায় বিশেষ অতিথি হিসেবে অংশগ্রহণ

নিত্য প্রয়োজনীয় পণ্যের সরবরাহ ও মূল্য পরিস্থিতি বিষয়ে গত ২৬/০২/২০২৩ তারিখ সকাল ১১.০০ মিনিটে টিসিবি অডিটরিয়ামে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর কর্তৃক একটি মতবিনিময় সভার আয়োজন করা হয়। উক্ত মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়। উক্ত সভায় বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন চেয়ারপার্সন জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। সভায় আসন্ন রমজান মাস উপলক্ষ্যে নিত্য প্রয়োজনীয় পণ্যের মূল্য স্থিতিশীল ও সরবরাহ যেন স্বাভাবিক থাকে সে বিষয়ে আলোচনা করা হয়।




জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর কর্তৃক আয়োজিত মতবিনিময় সভায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখছেন বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী

## প্রতিযোগিতা আইন, ২০১২ বিষয়ক লার্নিং সেশন (Learning Session) আয়োজন

প্রতিযোগিতা আইন, ২০১২ বিষয়ে গত ২৭/০২/২০২৩ তারিখ বেলা ০৩.০০ টায় বাণিজ্য মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে একটি লার্নিং সেশন (Learning Session) অনুষ্ঠিত হয়। উক্ত লার্নিং সেশনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব তপন কান্তি ঘোষ, সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়। উক্ত সেশনে জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী, চেয়ারপার্সন, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণও উক্ত সেশনে অংশগহণ করেন। লার্নিং সেশনটি পরিচালনা করেন জনাব মোঃ খালেদ আবু নাছের, প্রাক্তন পরিচালক, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন। উক্ত সেশনে প্রতিযোগিতা আইন, ২০১২ এর বিভিন্ন ধারা সম্পর্কে আলোচনা করে বিশ্বের বিভিন্ন দেশের এতদ্‌সংক্রান্ত আইন/বিধির তথ্য-উপাত্ত উপস্থাপন করা হয়। কমিশনের চেয়ারপার্সন এ জাতীয় লার্নিং সেশনের আয়োজন করায় সিনিয়র সচিব মহোদয়ের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করেন।



প্রতিযোগিতা আইন, ২০১২ বিষয়ক লার্নিং সেশন (Learning Session)

## বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের ০৩ জন সদস্যের বিদায় সংবর্ধনা আয়োজন

বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের ০৩ জন সদস্যের বিদায় উপলক্ষ্যে ২৮/০২/২০২৩ তারিখ বেলা ২.০০ মিনিটে কমিশনের সভাকক্ষে এক বিদায় সংবর্ধনার আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে কমিশনের চেয়ারপার্সন জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বিদায়ী সদস্যগণ হচ্ছেন জনাব জি. এম. সালেহ উদ্দিন, ড. এ এফ এম মঞ্জুর কাদির এবং জনাব নাসরিন বেগম। অনুষ্ঠানে কমিশনের অপর সদস্য জনাব সালমা আখতার জাহানসহ বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণ বক্তব্য উপস্থাপন করেন। বক্তাগণ বিদায়ী কর্মকর্তাগণের শ্রম, প্রচেষ্টা ও উদ্যোগের প্রসঙ্গ তুলে ধরে বিভিন্ন স্মৃতিচারণ করেন এবং তাদের সর্বাঙ্গীন মঙ্গল কামনা করেন। বিদায়ী কর্মকর্তাগণ কমিশনের কার্যক্রম যথাযথভাবে এগিয়ে নেওয়ার জন্য নবীন কর্মকর্তাগণের প্রতি আহবান জানান।




বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের ০৩ জন সদস্যের বিদায় উপলক্ষ্যে বিদায় সংবর্ধনা আয়োজন

## UNCTAD কর্তৃক আয়োজিত "First Substantive meeting of Working Group on Cross-Border Cartels 2023" ভার্চুয়াল সভায় অংশগ্রহণ

UNCTAD কর্তৃক আয়োজিত "First Substantive meeting of Working Group on Cross-Border Cartels 2023" শীর্ষক ভার্চুয়াল সভা ২৮/০২/২০২৩ তারিখ বাংলাদেশ সময় সন্ধ্যা ৭:০০ টা থেকে ৯:০০ টা পর্যন্ত অনুষ্ঠিত হয়। সভায় বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের পক্ষ থেকে চেয়ারপার্সন জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী এবং তিন জন কর্মকর্তা যুক্ত ছিলেন। উক্ত সভায় অষ্ট্রিয়া এবং দক্ষিণ আফ্রিকায় ০২ টি কেস স্টাডির বিষয়ে সংশ্লিষ্ট প্রতিনিধিগণ প্রতিবেদন উপস্থাপন করেন। Working Group গুলোকে আগামী ০৫/০৭/২০২৩ এ অনুষ্ঠিতব্য ২১তম Intergovernmental Group of Experts (IGE) on Competition Law and Policy and on Consumer Protection Law and Policy এ অংশগ্রহণ করার জন্য অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

## প্রতিযোগিতা কমিশনের ০৩ জন কর্মকর্তার ০৫ (পাঁচ) দিনব্যাপী e-GP System Training for Procuring Entity (PE) Users প্রশিক্ষণে অংশগ্রহণ

বাস্তবায়ন, মূল্যায়ন ও পরিবীক্ষণ বিভাগ (আইএমইডি) এর আওতাধীন সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ) বিগত ২৬/০২/২০২৩ তারিখ হতে ০২/০৩/২০২৩ তারিখ পর্যন্ত e-GP System Training for Procuring Entity (PE) Users বিষয়ে ০৫ (পাঁচ) দিনব্যাপী প্রশিক্ষণ আয়োজন করে। উক্ত প্রশিক্ষণে প্রতিযোগিতা কমিশনের সহকারী পরিচালক জনাব নাঈমুর রহমান, হিসাবরক্ষণ কর্মকর্তা জনাব মোঃ তৌহিদুল ইসলাম এবং সহকারী প্রোগ্রামার মোঃ আরিফুর রহমান অংশগ্রহণ করেন। প্রশিক্ষণের রিসোর্স পার্সনগণ e-GP system ব্যবহার করে Procuring Entity (PE) কোন প্রক্রিয়ায় প্রকিউরমেন্ট করে সে সম্পর্কে আলোচনা করেন। প্রশিক্ষণ সেশনগুলিতে টেন্ডার নোটিশ প্রণয়ন পদ্ধতি, স্ট্যান্ডার্ড ডকুমেন্ট প্রণয়ন পদ্ধতি, টেন্ডার ওপেনিং ও মূল্যায়ন পদ্ধতি সম্পর্কে ব্যবহারিক প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রতিযোগিতা কমিশনের ০৩ জন কর্মকর্তা সফলভাবে উক্ত প্রশিক্ষণ সম্পন্ন করে সনদপত্র গ্রহণ করেন।

## বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনে ঐতিহাসিক ৭ই মার্চ ২০২৩ উদযাপন

ঐতিহাসিক ৭ই মার্চ ২০২৩ উদযাপন উপলক্ষ্যে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনে বিভিন্ন কর্মসূচি উদযাপন করা হয়। সকাল ১১.০০ টায় ওসমানী স্মৃতি মিলনায়তনে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় আয়োজিত আলোচনা সভা এবং সাংস্কৃতিক অনুষ্ঠানে যোগদান করেন কমিশনের চেয়ারপার্সন জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী এবং কমিশনের সদস্য জনাব সালমা আখতার জাহান। বেলা ০২.০০ টায় কমিশন কার্যালয়ে স্থাপিত বঙ্গবন্ধু কর্ণারে কমিশনের চেয়ারপার্সনের নেতৃত্বে কমিশনের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ জাতির পিতার প্রতি শ্রদ্ধা ও সম্মান প্রদর্শনপূর্বক পুষ্পস্তবক অর্পণ করেন। বেলা ২.৩০ মিনিটে কমিশনের সভা কক্ষে ঐতিহাসিক ৭ই মার্চ দিবস উদযাপন উপলক্ষ্যে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন কমিশনের চেয়ারপার্সন জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী। আলোচনা অনুষ্ঠান শুরুর পূর্বে ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ প্রচার করা হয়। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন কমিশনের সচিব জনাব মোঃ আবু মাসুদ। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য প্রদান করেন কমিশনের সদস্য জনাব সালমা আখতার জাহান। এ ছাড়া কমিশনের সহকারী পরিচালক জনাব নূর উদ্দিন যোবায়ের আলোচনা অনুষ্ঠানে ঐতিহাসিক ৭ই মার্চের ওপর মূল প্রবন্ধ উপস্থাপন করেন। আলোচনা অনুষ্ঠানে উপস্থিত কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ ঐতিহাসিক ৭ই মার্চের তাৎপর্য ও গুরুত্ব তুলে ধরে দেশের উন্নয়নের স্বার্থে আন্তরিকতা ও নিষ্ঠার সাথে কাজ করার জন্য তাদের অঙ্গীকার পুনর্ব্যক্ত করেন।



বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনে ঐতিহাসিক ৭ই মার্চ ২০২৩ উদযাপন

## বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের বাজার মনিটরিং সেল কর্তৃক ১৮-০৩-২০২৩ তারিখে ঢাকা মহানগরীর কারওয়ান বাজার পরিদর্শন

সমাজের বিভিন্ন শ্রেণি পেশার লোকজনের মধ্যে বাজারে প্রতিযোগিতা সম্পর্কিত সার্বিক বিষয়ে সচেতনতা বৃদ্ধিসহ প্রতিযোগিতা বিরোধী কোনো চুক্তি বা কর্মকাণ্ড বিষয়ে গবেষণা এবং অনুরূপ অন্যবিধ কার্যক্রম পরিচালনার লক্ষ্যে বিগত ১৮/০৩/২০২৩ তারিখ "বাজার মনিটরিং সেল" রাজধানীর কারওয়ান বাজার পরিদর্শন করে। সেলের সদস্যগণ কারওয়ান বাজারের কাঁচাবাজার ব্যবসায়ী সমিতি ও কিচেন মার্কেট মালিক সমিতির সাথে বাজার প্রাঙ্গণে সংক্ষিপ্ত বৈঠকে বাজার পরিস্থিতি সম্পর্কে মতবিনিময় করেন। বাজার মনিটরিং সেল এর সদস্যবৃন্দ বাজার সমিতির সাথে যুক্ত ব্যবসায়ী প্রতিনিধিগণকে প্রতিযোগিতা আইন, ২০১২ এবং বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের কার্যক্রম সম্পর্কে অবহিত করেন। ব্যবসা-বাণিজ্যে সুষ্ঠু ও প্রতিযোগিতামূলক পরিবেশ বজায় রাখার জন্য যেকোনো প্রতিযোগিতা বিরোধী কর্মকাণ্ডের তথ্য কমিশনকে অবহিত করার জন্য ব্যবসায়ীগণের সহযোগিতা কামনা করা হয় ও এতদসংক্রান্ত নির্ধারিত অভিযোগ দায়ের ফরম এবং কমিশনের অন্যান্য প্রচারপত্র সচেতনতামূলক কার্যক্রমের অংশ হিসেবে বিলি করা হয়।



বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের বাজার মনিটরিং সেল কর্তৃক ঢাকা মহানগরীর কারওয়ান বাজার পরিদর্শন

## বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন কর্তৃক ২৬ শে মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৩ উদযাপন

২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন উপলক্ষ্যে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন কার্যালয়ে সূর্যোদয়ের সাথে সাথে যথাযোগ্য মর্যাদায় জাতীয় পতাকা উত্তোলন করা হয়। দিবসটি উপলক্ষ্যে ২৬ মার্চ তারিখ সন্ধ্যায় কমিশন কার্যালয়ে আলোকসজ্জা করা হয়।




বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন কর্তৃক ২৬ শে মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৩ উদযাপন

## এডিবি-এডিবিআই ওয়ার্কশপে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের যোগদান

ফিলিপাইনের রাজধানী ম্যানিলাতে ২৩-২৪ মার্চ ২০২৩ তারিখে দুই দিনব্যাপী "Designing Competition Policy for Economic Development in Asia" শীর্ষক ওয়ার্কশপ আয়োজন করা হয়। এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক (এডিবি) এর আমন্ত্রণে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের প্রতিনিধি দল উক্ত ওয়ার্কশপে অংশগ্রহণ করেন। প্রতিনিধিদলের নেতৃত্বে ছিলেন কমিশনের চেয়ারপার্সন জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী। উক্ত ওয়ার্কশপে 'The Impact of Competition on Poverty and Inequality: The Philippine Case using a Microsimulation Method' শীর্ষক পেপার উপস্থাপন করা হয়। উক্ত সেশনের আলোচক হিসেবে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন মহোদয় বক্তব্য উপস্থাপন করেন।




এডিবি-এডিবিআই ওয়ার্কশপে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী

## বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের বাজার মনিটরিং সেল কর্তৃক ২৮-০৩-২০২৩ তারিখে ঢাকা মহানগরীর যাত্রাবাড়ি বাজার পরিদর্শন

প্রতিযোগিতা আইন, ২০১২ বিষয়ে সচেতনতা বৃদ্ধিসহ প্রতিযোগিতা বিরোধী কোনো চুক্তি বা কর্মকাণ্ড বিষয়ে গবেষণা এবং অনুরূপ অন্যবিধ কার্যক্রম পরিচালনার লক্ষ্যে ২৮/০৩/২০২৩ তারিখ বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের বাজার মনিটরিং সেল কর্তৃক রাজধানীর যাত্রাবাড়ি বাজার পরিদর্শন করা হয়। সেলের সদস্যগণ যাত্রাবাড়ি বাজারের ব্যবসায়ী মালিক এসোসিয়েশন, যাত্রাবাড়ি কাঁচাবাজার আড়ৎ মালিক সমিতি, যাত্রাবাড়ি মৎস্য আড়ৎ মালিক সমিতি, যাত্রাবাড়ি ফল আড়ৎ মালিক সমিতির সাথে বাজার প্রাঙ্গণে সংক্ষিপ্ত বৈঠকে বাজার পরিস্থিতি সম্পর্কে মতবিনিময় করেন। বাজার মনিটরিং সেল এর সদস্যবৃন্দ বাজার সমিতির সাথে যুক্ত ব্যবসায়ী প্রতিনিধিগণকে প্রতিযোগিতা আইন, ২০১২ এবং বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের কার্যক্রম সম্পর্কে অবহিত করেন। ব্যবসা-বাণিজ্যে সুষ্ঠু ও প্রতিযোগিতামূলক পরিবেশ বজায় রাখার জন্য যেকোনো প্রতিযোগিতা বিরোধী কর্মকাণ্ডের তথ্য কমিশনকে অবহিত করার জন্য ব্যবসায়ীগণের সহযোগিতা কামনা করা হয় ও এতদ্‌সংক্রান্ত নির্ধারিত অভিযোগ দায়ের ফরম এবং কমিশনের অন্যান্য প্রচারপত্র সচেতনামূলক কার্যক্রমের অংশ হিসেবে বিলি করা হয়।



বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের বাজার মনিটরিং সেল কর্তৃক ২৮-০৩-২০২৩ তারিখে ঢাকা মহানগরীর যাত্রাবাড়ি বাজার পরিদর্শন

## জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি (এনএসডিপি)- ২০২২ বিষয়ে প্রতিযোগিতা কমিশনে ইন-হাউজ প্রশিক্ষণ আয়োজন

২৯/০৩/২০২৩ তারিখ বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সভাকক্ষে জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি (এনএসডিপি) ২০২২ বিষয়ের ওপর অর্ধ দিবসব্যাপী এক ইন-হাউজ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী, সদস্য জনাব সালমা আখতার জাহান এবং সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। প্রশিক্ষণে কমিশনের চেয়ারপার্সন জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী রিসোর্স পার্সন হিসেবে জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি (এনএসডিপি) ২০২২ এর ওপর বিশদ বক্তব্য উপস্থাপন করেন। দক্ষতা উন্নয়ন নীতির অভীষ্ট জনগোষ্ঠী, রূপকল্প, উদ্দেশ্য, বাংলাদেশে দক্ষতা উন্নয়নের চিত্র এবং প্রধান অগ্রাধিকারসমূহ, নীতির মূল আর্দশসমূহ, ৪র্থ শিল্প বিপ্লব এবং ডিজিটাল দক্ষতাসহ বিকাশমান প্রযুক্তির জন্য দক্ষতা উন্নয়ন, দক্ষতা উন্নয়নের জন্য প্রশিক্ষণের গুণমান নিশ্চিতকরণ, যোগ্যতা কাঠামো, দায়িত্ব ডোমেইন ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণার্থীদেরকে আইন ও বিধির আলোকে প্রশিক্ষণ প্রদান করা হয়। এনএসডিপি বিষয়ে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের সহায়তায় আরো প্রশিক্ষণ কোর্স আয়োজন করা হবে বলে চেয়ারপার্সন মহোদয় প্রশিক্ষণার্থীবৃন্দকে অবহিত করেন।



জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি (এনএসডিপি)- ২০২২ বিষয়ে প্রতিযোগিতা কমিশনে আয়োজিত ইন-হাউজ প্রশিক্ষণে বক্তব্য রাখছেন চেয়ারপার্সন প্রদীপ রঞ্জন চক্রবর্তী

## নেত্রকোনা জেলাধীন আটপাড়া উপজেলা প্রশাসনের কর্মকর্তাগণের সমন্বয়ে উপজেলা মিলনায়তনে প্রতিযোগিতা আইন, ২০১২ বাস্তবায়ন সংক্রান্ত মতবিনিময় সভা আয়োজন

প্রতিযোগিতা আইন, ২০১২ এবং এর আওতায় গঠিত বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন সম্পর্কে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে নেত্রকোনা জেলা প্রশাসন এবং আটপাড়া উপজেলা প্রশাসনের সাথে সমন্বয় করে ৩০/০৩/২০২৩ তারিখ বেলা ১১.০০ মিনিটে আটপাড়া উপজেলা পরিষদ মিলনায়তনে প্রতিযোগিতা কমিশনের উদ্যোগে এক মতবিনিময় সভা আয়োজন করা হয়। আটপাড়া উপজেলা নির্বাহী অফিসার জনাব মোঃ শাকিল আহমেদ এর সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সভায় বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে মূল বক্তব্য উপস্থাপন করেন। উপজেলা চেয়ারম্যান জনাব মোঃ খায়রুল ইসলাম, উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, উপজেলা কৃষি অফিসার, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা শিক্ষা অফিসার, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, উপজেলা যুব উন্নন কর্মকর্তা, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, উপজেলা নির্বাচন অফিসার, আটপাড়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা এবং গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। কমিশনের চেয়ারপার্সন পবিত্র রমজান মাসে কমিশনের আমন্ত্রণে সাড়া দিয়ে মতবিনিময় সভায় উপস্থিত হওয়ার জন্য সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নিবাহী অফিসারকে ধন্যবাদ জ্ঞাপন করেন। বক্তব্য উপস্থাপনকালে চেয়ারপার্সন মহোদয় প্রতিযোগিতা আইন, ২০১২ এর বিভিন্ন ধারার বিধান এবং বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের গঠন ও কার্যাবলি সম্পর্কে উপস্থিত সকলকে সংক্ষেপে অবহিত করেন। এ সময়ে কমিশনের পক্ষ থেকে সকলের মাঝে প্রতিযোগিতা আইন, ২০১২ এর কপি, প্রতিযোগিতা আইনের আওতায় অভিযোগ দায়েরের ফরম, সচেতনতা মূলক লিফলেট ইত্যাদি বিতরণ করা হয়।

চেয়াপার্সনের বক্তব্যের পর প্রতিযোগিতা আইন বিষয়ে মুক্ত আলোচনা পর্ব অনুষ্ঠিত হয়। মুক্ত আলোচনায় অংশ নিয়ে উপস্থিত ব্যক্তিবর্গ জানান যে, প্রতিযোগিতা আইন, ২০১২ এবং প্রতিযোগিতা কমিশন সম্পর্কে তাদের স্পষ্ট কোন ধারণা ছিল না। বিষয়গুলো তারা জেনেছেন এবং এ সম্পর্কে তারা প্রচার করবেন বলে সভাকে অবহিত করেন। পারস্পরিক ধন্যবাদ জানানোর মাধ্যমে মতবিনিময় সভা শেষ করার পর চেয়ারপার্সন মহোদয় আটপাড়া উপজেলার ঐতিহ্যবাহী ব্রজের বাজার এবং তেলেগাতী বাজার পরিদর্শন করে স্থানীয় ব্যবসায়ীগণের সাথে খোলামেলা আলোচনা করেন।



নেত্রকোনা জেলাধীন আটপাড়া উপজেলা প্রশাসনের কর্মকর্তাগণের সমন্বয়ে উপজেলা মিলনায়তনে প্রতিযোগিতা আইন, ২০১২ বাস্তবায়ন সংক্রান্ত মতবিনিময় সভায় বক্তব্য রাখছেন চেয়ারপার্সন প্রদীপ রঞ্জন চক্রবর্তী

## 'বিভাগীয় মামলা নিষ্পত্তি নির্দেশিকা' বিষয়ে প্রতিযোগিতা কমিশনে ইন-হাউজ প্রশিক্ষণ আয়োজন

৩০/০৩/২০২৩ তারিখ বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সভাকক্ষে 'বিভাগীয় মামলা নিষ্পত্তি নির্দেশিকা' বিষয়ের ওপর অর্ধ দিবসব্যাপী এক ইন-হাউজ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে প্রতিযোগিতা কমিশনের সদস্য জনাব সালমা আখতার জাহান এবং সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। প্রশিক্ষণে কমিশনের সদস্য জনাব সালমা আখতার জাহান রিসোর্স পার্সন হিসেবে 'বিভাগীয় মামলা নিষ্পত্তি নির্দেশিকা' এর ওপর বিশদ বক্তব্য উপস্থাপন করেন। বিভাগীয় মামলার প্রসিডিং, আইনগত ভিত্তি, অভিযোগ প্রাপ্তি ও করণীয়, অভিযোগনামা ও বিবরণী, অপরাধ, গুরু ও লঘু দণ্ড, নিষ্পত্তি পদ্ধতি, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন কর্মচারী চাকরি বিধিমালা, ২০১৯ ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণার্থীদেরকে আইন ও বিধির আলোকে প্রশিক্ষণ প্রদান করা হয়।



"বিভাগীয় মামলা নিষ্পত্তি নির্দেশিকা" বিষয়ে প্রতিযোগিতা কমিশনে আয়োজিত ইন-হাউজ প্রশিক্ষণে বক্তব্য রাখছেন সদস্য জনাব সালমা আখতার জাহান




# "মুজিব বর্ষের প্রতিশ্রুতি প্রতিযোগিতামূলক বাজার ব্যবস্থার উন্নতি"


## উপদেষ্টা পরিষদ

**প্রদীপ রঞ্জন চক্রবর্তী**
চেয়ারপার্সন
ও
সভাপতি
উপদেষ্টা পরিষদ

**সালমা আখতার জাহান**
সদস্য

**নাসরিন বেগম**
সদস্য

**ড. এ এফ এম মনজুর কাদির**
সদস্য

## সম্পাদনা পরিষদ

**জি. এম. সালেহ উদ্দিন**
সদস্য
ও
আহ্বায়ক
সম্পাদনা পরিষদ

**সারাওয়াত মেহজাবীন**
উপপরিচালক

**তায়েব-উর-রহমান আশিক**
উপপরিচালক

**নাঈমুর রহমান**
সহকারী পরিচালক

**নূরউদ্দীন যোবায়ের**
সহকারী পরিচালক



Competition for growth
Bangladesh Competition Commission

প্রকাশনায়ঃ
বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন
৩৭/৩/এ, রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
ফোন: +৮৮০২-৫৮৩১৫৪৮৫, ফ্যাক্স: +৮৮০২-৫৮৩১৫৪৯৭
ই-মেইল: secretary.ccb2012@gmail.com
প্রকাশকাল : ডিসেম্বর, ২০২২